দৈনিক বাংলা

তারিখ 01 DEC 1986
পৃষ্ঠা ... 1 ... 7 ...



প্রেসিডেন্ট এরশাদ রোববার বঙ্গভবনে নবনিযুক্ত মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের শপথ পাঠ করান

## নয়া ৬ মন্ত্রী ৪ প্রতিমন্ত্রী ৫ উপমন্ত্রী নিযুক্ত

# মন্ত্রিসভা পুনর্গঠন: নূরুল ইসলাম ভাইস প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট এইচ এম এরশাদ রোববার রাতে বিচারপতি এ কে এম নূরুল ইসলামকে ভাইস-প্রেসিডেন্ট নিয়োগ করেছেন।

বাসস-র খবরে প্রকাশ, প্রেসিডেন্ট ছয়জন নয়া মন্ত্রী, চারজন প্রতিমন্ত্রী ও পাঁচজন উপমন্ত্রী নিয়োগ করেছেন।

প্রেসিডেন্ট বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে ভাইস-প্রেসিডেন্ট, নব-নিযুক্ত মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের শপথ গ্রহণ করান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে প্রধান মন্ত্রী মিজানুর রহমান চৌধুরী, মন্ত্রীবর্গ, তিনবাহিনী প্রধান এবং উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

নব-নিযুক্ত মন্ত্রীরা হচ্ছেন: অর্থ উপদেষ্টা এম সাইদুজ্জামান, পরিকল্পনা উপদেষ্টা এয়ার ভাইস-মার্শাল (অব:) এ কে খন্দকার, উপদেষ্টা মাহবুবুর রহমান, জাফর ইমাম, সাবেক বাণিজ্য সচিব এম মতিউর রহমান এমপি ও আবদুর রশীদ ইঞ্জিনীয়ার এমপি।

এয়ার ভাইস-মার্শাল এ কে খন্দকার দেশের বাইরে রয়েছেন এবং তিনি পরে শপথ নেবেন।

মেজর জেনারেল (অব:) মহব্বত জান চৌধুরী, এয়ার ভাইস-মার্শাল (অব:) কে এম আমিনুল ইসলাম, হাশিমউদ্দিন আহমদ, মোমিনউদ্দিন আহমদ ও এম এ সাত্তার—এই পাঁচ মন্ত্রী ইতিপূর্বে মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন এবং প্রেসিডেন্ট তাঁদের পদত্যাগপত্র গ্রহণ করেন।

জাফর ইমাম ছিলেন পাট প্রতিমন্ত্রী এবং তাঁকে পূর্ণ মন্ত্রী করা হয়েছে।

প্রতিমন্ত্রীদের মধ্যে নতুন যাঁদের নেয়া হয়েছে তাঁরা হচ্ছেন: সরদার আমজাদ হোসেন, মোস্তফা জামাল হায়দার, অধ্যাপক আবদুস সালাম ও মেজর (অব:) ইকবাল হোসেন চৌধুরী।

সংসদ সদস্যদের মধ্যে যে পাঁচ তরুণ মুখ উপমন্ত্রীর দায়িত্ব পেয়েছেন তাঁরা হচ্ছেন: ওয়াজেদ আলী খান পন্নী, লে: কর্নেল (অব:) এইচ এম এ গাফফার, গোলাম সরোয়ার মিলন, মাহমুদুর রহমান চৌধুরী ও নূরুল আমিন খান পাঠান।

উপমন্ত্রী মিসেস মমতা ওয়াহাব পদত্যাগ করেছেন।

প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী ও তিন উপ-প্রধানমন্ত্রী—মওদুদ আহমেদ, অধ্যাপক এম এ মতিন ও কাজী জাফর আহমদ মন্ত্রিসভায় উপ-প্রধানমন্ত্রী পদে বহাল রয়েছেন। মওদুদ আহমেদকে তাঁর আগের দফতরে বহাল

(৫-এর পৃ: দ্র:)



প্রেসিডেন্ট এরশাদ রোববার বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে ভাইস-প্রেসিডেন্ট পদে বিচারপতি এ কে এম নূরুল ইসলামকে শপথগ্রহণ করান

## ভাইস প্রেসিডেন্ট

(প্রথম পৃ: পর)

রাখা হয়েছে, তবে অধ্যাপক মতিন ও কাজী জাফর আহমদকে নয়া দফতর দেয়া হয়েছে।

নবনিযুক্ত ভাইস-প্রেসিডেন্ট বিচারপতি এ কে এম নূরুল ইসলামকে আইন ও বিচার মন্ত্রণালয়ের দায়িত্ব দেয়া হয়েছে। নতুন পদে নিযুক্ত হবার আগ পর্যন্ত তিনি মন্ত্রী হিসেবে এই মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন।

প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী তার আগের দফতর ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন।

প্রেসিডেন্ট এইচ এম এরশাদ রোববার রাতে বঙ্গভবনে মন্ত্রিপরিষদের সঙ্গে এক ঘরোয়া বৈঠকে মিলিত হন।

দৈনিক বাংলা

তারিখ 01 DEC 1986
পৃষ্ঠা ... 1 ... 7 ...



## কার কোন দফতর—

প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট ও মন্ত্রীদের মধ্যে নিম্নলিখিতভাবে মন্ত্রণালয়সমূহের দায়িত্ব বন্টন করেছেন: ভাইস-প্রেসিডেন্ট বিচারপতি এ কে এম নূরুল ইসলাম—আইন ও বিচার। প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী—ডাক ও টেলিযোগাযোগ। উপ-প্রধানমন্ত্রী মওদুদ আহমদ—শিল্প। উপ-প্রধানমন্ত্রী ডা: এম এ মতিন—স্বরাষ্ট্র। উপ-প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ—বন্দর জাহাজ চলাচল ও অভ্যন্তরীণ নৌ পরিবহণ। মেজর জেনারেল (অব:) এম শামছুল হক—ত্রাণ ও পুনর্বাসন। মেজর জেনারেল (অব:) এম এ মুনএম পিএসসি—বাণিজ্য। মেজর জেনারেল (অব:) মাহমুদুল হাসান—কোন নির্দিষ্ট মন্ত্রণালয় ব্যতিরেকে। শাহ মোয়াজ্জেম হোসেন—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়। আনিসুল ইসলাম মাহমুদ—সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ। সিরাজুল হোসেন খান—মৎস্য ও পশুপালন। ব্যারিস্টার রাবিয়া ভূঁইয়া—সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক। আনোয়ার হোসেন (মঞ্জু)—জ্বালানি ও খনিজ সম্পদ। হুমায়ুন রশীদ চৌধুরী—পররাষ্ট্র। সালাহউদ্দীন কাদের চৌধুরী—স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা। জনাব এ কে এম মাইদুল

(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## দফতর

(প্রথম পৃ: পর)

ইসলাম—ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার। মির্জা রুহুল আমিন—কৃষি। আলহাজ্জ মওলানা এম এ মান্নান—ধর্ম। জনাব শফিকুল গনি—পূর্ত। সুনীল কুমার গুপ্ত—বস্ত্র। জনাব আনোয়ার জাহিদ—তথ্য। জনাব এম সাইদুজ্জামান—অর্থ। এয়ার ভাইস মার্শাল (অব:) এ কে খন্দকার—পরিকল্পনা। জনাব মাহবুবুর রহমান—শিক্ষা। জনাব জাফর ইমাম—পাট। জনাব এম মতিউর রহমান—যোগাযোগ। আ: রশিদ ইঞ্জিনীয়ার—শ্রম ও জনশক্তি।

প্রতিমন্ত্রীদের দায়িত্ব: শেখ শহীদুল ইসলাম—যুব ও ক্রীড়া। জনাব এ ছাত্তার—বেসামরিক বিমান চলাচল ও পর্যটন। সরদার আমজাদ হোসেন—খাদ্য। জনাব মেসবাহ উদ্দিন আহমেদ বাবলু—শিল্প। বিনয় কুমার দেওয়ান—স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়। জনাব মোস্তফা জামাল হায়দার—শ্রম ও জনশক্তি। অধ্যাপক আবদুস ছালাম—কৃষি। মেজর (অব:) ইকবাল হোসেন চৌধুরী—জ্বালানি ও খনিজ সম্পদ।

উপমন্ত্রীদের দায়িত্ব: জনাব জিয়াউদ্দিন আহমদ বাবলু—বন্দর, জাহাজ চলাচল ও অভ্যন্তরীণ নৌ পরিবহণ। ওয়াজেদ আলী খান পন্নী—পররাষ্ট্র। লে: কর্নেল (অব:) এইচ এম এ গাফফার, বিইউ—বাণিজ্য। জনাব এ এফ এম ফকরুল ইসলাম মুন্সী—অর্থ। জনাব গোলাম সরোয়ার মিলন—শিক্ষা। জনাব মাহমুদুর রহমান চৌধুরী—যোগাযোগ। জনাব নূরুল আমিন খান পাঠান—স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা।

জাকির খান চৌধুরী ও জনাব মো: মাহবুবউজ্জমান প্রত্যেকে একজন মন্ত্রীর পদমর্যাদা ও সুযোগ সুবিধা সহকারে প্রেসিডেন্টের উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালন করবেন। জনাব জাকির খান চৌধুরী প্রেসিডেন্টের মুক্তিযোদ্ধা বিষয়ক উপদেষ্টা থাকবেন। এতদ-সংক্রান্ত পূর্বের সকল বিজ্ঞপ্তির সংশোধনক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।